

মস্তব্য প্রতিবেদন

আমরা এগিয়ে যাবই, আমরা সফল হবই!!

জাসিম মল্লিক

গৌরবময় মহান বিজয় দিবসের আটত্রিশতম বার্ষিকিটি ছিল সত্যি ব্যতিক্রম। এবারের বিজয় দিবসে দেশের বিভিন্ন স্থানে স্মৃতিসৌথে শ্রদ্ধা নিবেদন ও বিজয় দিবসের অনুষ্ঠানমালায় তরুণ প্রজন্মের উপস্থিতি ছিল লক্ষ্যণীয়। দেশের বীর শহীদদের স্মরণে তরুণ প্রজন্মের ছেলে মেয়েরা আয়োজন করেছিল বিজয় দিবসের নানা অনুষ্ঠানের। টেকনাফ থেকে তেতুলিয় পর্যন্ত সমগ্র দেশের মানুষ নত মস্তকে শ্রদ্ধা জানালো বীর মুক্তিযোদ্ধাদের। প্রতিটি অনুষ্ঠানস্থলে ছিল মানুষের উপচে পড়া ভিড়। বিভিন্ন আনন্দ শোভাযাত্রায় ঢাকার রাজপথ রঙিন হয়ে উঠেছিল।

প্রবাসের তরুণ প্রজন্ম বিজয় দিবস নিয়ে কতখানি ভাবে? ইউনিভার্সিটি অব টরন্টোর দ্বিতীয় বর্ষের ছাত্র অর্ককে জিজ্ঞেস করলাম, আজকে দিনটা বাংলাদেশে কী জানো? সে ডুবে ছিল বিশাল একটা ইংরেজী বইয়ের মধ্যে। সে এতই বই পড়ুয়া যে তাকে প্রায়ই লেট ফী দিতে হয়। বস্তা বস্তা বই এনে সময় মত দিতে পারে না। তার বয়স যখন তিন তখন থেকেই সে টিন টিন আর গুসবামস দিয়ে তার যাত্রা শুরু করে। একই অবস্থা টুয়েলভ গ্রেডে পড়ুয়া অরিত্রির। তার কাছেও একই সাথে জানতে চাইলাম আজকের দিনটা কেনো বিশেষ দিন! দু'জনেই পরিষ্কার করে বলল, আজকে বাংলাদেশে বিজয় দিবস। বোঝা গেলো তারা খোঁজ খবর রাখে। ব্যাপারটা আমাকে কিছুটা হলেও আনন্দ দিয়েছে। অরিত্রি বলল, বাবা আমি তো বাংলাদেশে প্রেসক্লাবের বিজয় দিবসের অনুষ্ঠানে গান গাইতাম। এখনতো সেসব কিছু করতে পারছি না। আমি দু'জনেকেই মুক্তিযুদ্ধের উপর লেখা কয়েকটি বই পড়তে দিলাম। দু'জনেই ঢাকার স্কালারস্টিকার ছাত্র হলেও এখনও চমৎকার বাংলা পড়তে ও লিখতে পারে।

একাত্তরের ১৬ ডিসেম্বরের এ বিজয় দীর্ঘ তেইশ বছরের আন্দোলন ও সংগ্রাম শেষে রক্তক্ষয়ী এক মুক্তিযুদ্ধে আমাদের বিজয়, এর ফলেই স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষনেই স্বাধীনতার উচ্চারণ করেছিলেন। দশ লাখ মানুষের সমাবেশে দৃষ্টকণ্ঠে উচ্চারণ করেছিলেন, 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। হাজার বছরের বাংলার রাজনৈতিক ইতিহাসে বঙ্গবন্ধুই প্রথম নেতা-অটুট, আপসহীন, দৃঢ়নিবন্ধ-যিনি ছাপ্পান্ন হাজার বর্গমাইলের মতো বিশাল ভূখণ্ডে, সাড়ে সাত কোটি মানুষের মতো বিপুলসংখ্যক জনগোষ্ঠীকে একটি মাত্র উদ্দিপন মন্ত্র 'জয়বাংলা' ধ্বনিতে গ্রথিত করেছিলেন। আজকে আটত্রিশতম

বিজয় দিবসের এই দিনে আমাদের একটাই দাবী যুদ্ধাপরাধীর দ্রুত বিচার এবং জাতির জনকের
হত্যাকারীদের ফাঁসির রায় কর্যকর করা । সবুজ পটে উদিত ওই পতাকা সাক্ষী আমরা এগিয়ে
যাবই । আমরা সফল হবই ।

টরন্টো